# শবদাহ পদ্ধতিঃ।

শ্রীআদ্যানাথ বিদ্যাভূষণেন

সঙ্কলিতা প্রকাশিতা চ।



কলিকাতা।

বারাণসী ঘোষের ষ্ট্রীট ৬৯নং বাটী

হিতৈষী যন্ত্রে

শ্রীব্রজনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক

মুদ্রিতা।

সন ১২৯২ সাল।

মূল্য /০ এক আনা মাত্র।

# বিজ্ঞাপন।

এই নশ্বর জগতে জন্মগ্রহণ করিয়া কেহই চিরজীবন প্রাপ্ত হন না। ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরের ন্যায় পরমধার্ম্মিকই হউন, আর দর্পশীল রাবণের ন্যায় অত্যাচারী পাপাত্মাই হউন; কুবেরের ন্যায় ধনপতিই হউন, আর ভিক্ষোপজীবী তরুতল শায়ী দীন হীনই হউন, বেদব্যাসের ন্যায় পণ্ডিতই হউন, আর বর্ণজ্ঞানানবচ্ছিন্ন পর্ব্বত নিবাসী অসভ্যজনের ন্যায় ঘোর মূর্খই হউন; জরাজীর্ণ যষ্টিমাত্রাবলম্বী অতি বৃদ্ধই হউন, আর পিতামাতার আশাতরুর অঙ্কুর স্বরূপ সদ্যঃপ্রসূত শিশু সন্তানই হউন; সকলকেই কাল কবলে পতিত হইতেই হইবে। সত্যবটে, মার্কণ্ডেয় প্রভৃতি কয়েকজন চিরজীবন প্রাপ্ত হইয়া নরলোকের অগোচরে নানাস্থানে অদ্যাপি বিচরণ করিয়া বেড়াইতেছেন; এবং আমাদিগের নিকট হইতে চিরজীবীর উপচার গ্রহণ করিতেছেন; কিন্তু তাঁহারাও প্রলয় কালে থাকিবেন না। নিজ নিজ লীলা সংবরণ ও স্ব স্ব দেহ ত্যাগ করিয়া ঈশ্বরদেহে বিলীন হইবেন। অতএব, যখন মৃত্যুর হস্ত হইতে অব্যাহতি পাওয়া নরলোকের অসাধ্য, তখন সেই মৃত্যুকে ভয় করা, আত্মীয় স্বজনের মৃত্যুতে শোক ও পরিতাপ করা, উপযুক্ত কৃতবিদ্য সচ্চরিত্র ও কৃতী পুত্রেরও মৃত্যু ঘটিলে শোকবিহ্বল হইয়া উন্মত্তের ন্যায় পথে পথে কাঁদিয়া বেড়ান আমার মত নির্ব্বোধ ও মূঢোই কর্ম্ম। এই নিমিত্তই প্রাচীন ঋষিগণ কহিয়াছেন,—

মানুষ্যে কদলীস্তম্ভে নিঃসারে সারমার্গণং।
যঃ করোতি স সম্মূঢ়ো জলবুদ্বুদসন্নিভে॥
পঞ্চধা সম্ভৃতঃ কায়ো যদি পঞ্চত্বমাগতঃ।
কর্ম্মভিঃ স্বশরীরোত্থৈস্তত্র কা পরিদেবনা॥
গন্ত্রী বসুমতী নাশমুদধির্দৈবতানি চ।
ফেনপ্রখ্যঃ কথং নাশং মর্ত্ত্যলোকো ন যাস্যতি॥
শ্লেষ্মাশ্রু বান্ধবৈর্মুক্তং প্রেতো ভুঙ্‌ক্তে যতোঽবশঃ।
অতো ন রোদিতব্যং হি ক্রিয়া কার্য্যা বিধানতঃ॥

মৃত্যুতে শোক বিহ্বল না হওয়া যদি যুক্তিসিদ্ধ ও ধর্ম্ম শাস্ত্রানুমোদিত হইল, তবে যাহাতে মৃত ব্যক্তির ঔর্দ্ধ দেহিক কার্য্যগুলি যথাবিধি সম্পন্ন হয়, তাহা করা আমাদিগের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম, সন্দেহ নাই। কিন্তু তদাদিভূত শবদাহ কার্য্যের রীতিমত পদ্ধতি অদ্যাপি প্রকাশিত হয় নাই। শুদ্ধিতত্ত্বে যাহা আছে তাহা সংস্কৃত ভাষায় সঙ্ক্ষেপে লিখিত; এবং তাহার অনুষ্ঠানগুলি সাধারণের বোধগম্য নহে। আমি ইহা দেখিয়া, এবং শবদাহের নিমিত্ত মন্ত্র সংগ্রহ করিবার ও তাহার অনুষ্ঠান গুলি জানিবার কষ্ট দূর করিব এইরূপ প্রতিজ্ঞা করিয়া, শবদাহপদ্ধতি নামে এই গ্রন্থ প্রস্তুত ও প্রকাশিত করিলাম। ইহাদ্বারা অন্ততঃ একজন হিন্দুরও উক্ত কষ্ট দূর হইলে, আমি সমুদায় শ্রম সার্থক বিবেচনা করিয়া চরিতার্থ হইব।

শিবপুর,
৩০শে শ্রাবণ,
১২৯১ সাল।

শ্রীআদ্যানাথ শর্ম্মা।

# শবদাহপদ্ধতিঃ।

অগ্নিদানাধিকারি নিরূপণ।

পুরুষের পক্ষে।

জ্যেষ্ঠানুক্রমে পুত্রগণ। জ্যেষ্ঠানুক্রমে পৌত্রগণ। জ্যেষ্ঠানুক্রমে প্রপৌত্রগণ। অপুত্রাপত্নী। পুত্রবতী পত্নী। অবিবাহিতা কন্যা। পুত্রবতী বা সম্ভাবিত পুত্রবতী সধবা কন্যা। পুত্রবতী বিধবা কন্যা। বন্ধ্যা বা অপুত্রা বিধবা কন্যা। জ্যেষ্ঠানুক্রমে দৌহিত্রগণ। কনিষ্ঠ সহোদর। জ্যেষ্ঠ সহোদর। কনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা। জ্যেষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা। কনিষ্ঠ সহোদরের জ্যেষ্ঠানুক্রমে পুত্রগণ। জ্যেষ্ঠসহোদরের জ্যেষ্ঠানুক্রমে পুত্রগণ। কনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতার জ্যেষ্ঠানুক্রমে পুত্রগণ। জ্যেষ্ঠবৈমাত্রেয় ভ্রাতার জ্যেষ্ঠানুক্রমে পুত্রগণ। পিতা। মাতা। জ্যেষ্ঠানুক্রমে পুত্রবতী বা সম্ভাবিত পুত্রবতী সধবা পুত্রবধূ সকল। পুত্রবতী বিধবা পুত্রবধূ। জ্যেষ্ঠানুক্রমে বন্ধ্যা বা অপুত্রা বিধবা পুত্রবধূ সকল। অবিবাহিতা পৌত্রী। পুত্রবতী বা

ত পুত্রবতী সধবা পৌত্রী। পুত্রবতী বিধবা
। বন্ধ্যা বা অপুত্রা বিধবা পৌত্রী। জ্যেষ্ঠানু-
ত্রবতী বা সম্ভাবিত পুত্রবতী সধবা পৌত্রবধূ
পুত্রবতী বিধবা পৌত্রবধূ। জ্যেষ্ঠানুক্রমে বন্ধ্যা
ত্রা বিধবা পৌত্রবধূ সকল। অবিবাহিতা প্র-
। পুত্রবতী বা সম্ভাবিত পুত্রবতী সধবা প্রপৌত্রী।
ী বিধবা প্রপৌত্রী। বন্ধ্যা বা অপুত্রা বিধবা
ী। পিতামহ। পিতামহী। জ্যেষ্ঠতাত। পিতৃব্য।
ম জ্যেষ্ঠতাতের জ্যেষ্ঠানুক্রমে পুত্র, পৌত্র ও
গণ। যথাক্রমে পিতৃব্যের জ্যেষ্ঠানুক্রমে
পৌত্র ও প্রপৌত্রগণ। জ্ঞাতি। মাতামহ।
হী। জ্যেষ্ঠানুক্রমে মাতুলগণ। জ্যেষ্ঠানুক্রমে
নসগণ। যথাক্রমে মাতুলের জ্যেষ্ঠানুক্রমে পুত্র,
ও প্রপৌত্রগণ। শ্বশুর। জ্যেষ্ঠানুক্রমে জামা-
পিতামহীর জ্যেষ্ঠানুক্রমে সহোদরগণ।
য় শিষ্য। পুরোহিত। সাবিত্রী-উপদেশক
্য। সজাতীয় বন্ধু। সজাতীয় পিতৃবন্ধু।
বাসী সজাতীয় ব্যক্তি। বেতনগ্রাহী
য় ব্যক্তি।

স্ত্রীলোকের পক্ষে।

জ্যেষ্ঠানুক্রমে পুত্রগণ। জ্যেষ্ঠানুক্রমে পৌ
জ্যেষ্ঠানুক্রমে প্রপৌত্রগণ। অবিবাহিতা
পুত্রবতী বা সম্ভাবিত পুত্রবতী সধবা কন্যা। পু
বিধবা কন্যা। বন্ধ্যা বা অপুত্রা বিধবা কন্যা।
নুক্রমে দৌহিত্রগণ। সপত্নীর জ্যেষ্ঠানুক্রমে পু
পতি। জ্যেষ্ঠানুক্রমে পুত্রবতী বা সম্ভাবিত পু
সধবা পুত্রবধূসকল। জ্যেষ্ঠানুক্রমে বন্ধ্যা বা
পুত্রবধূসকল। যথাক্রমে পতির জ্যেষ্ঠতাতের জ্যে
ক্রমে পুত্র, পৌত্র ও প্রপৌত্রগণ। যথাক্রমে
পিতৃব্যের জ্যেষ্ঠানুক্রমে পুত্র, পৌত্র ও প্রপৌ
পতির জ্ঞাতি। পিতা। কনিষ্ঠ সহোদর।
সহোদর। ভগিনীর জ্যেষ্ঠানুক্রমে পুত্রগণ।
জ্যেষ্ঠানুক্রমে ভাগিনেয়গণ। কনিষ্ঠ সহোদরের জ্যে
নুক্রমে পুত্রগণ। জ্যেষ্ঠসহোদরের জ্যেষ্ঠানুক্রমে
গণ। জ্যেষ্ঠানুক্রমে জামাতৃগণ। পতির জ্যে
ক্রমে মাতুলগণ। পতির সজাতীয় শিষ্য।
জ্ঞাতি। মাতামহের জ্ঞাতি। সজাতীয় ব্যক্তি।

ব্যবস্থা।

১। পূর্ব্ব অধিকারীর অবর্ত্তমানতায়, অনুপস্থিতিতে, পীড়িতাবস্থায় কিংবা পাতিত্যাদি দোষ ঘটিলে পরবর্ত্তী অধিকারী অগ্নিদান করিবেন।

২। শূদ্রের শিষ্য ও সাবিত্রী-উপদেশক আচার্য্য নাই সুতরাং ইঁহারা এবং পুরোহিত তাহার অগ্নি কার্য্যে অধিকারী নহেন।

৩। ৩৬৫ দিবসে এক বৎসর হয়, এই রূপ গণনায় যে বালক বালিকার বয়ঃক্রম দুইবৎসর পূর্ণ হয় নাই, তাহার শব দাহ করিবেক না। শ্মশান মৃত্তিকা মধ্যে দক্ষিণশিরা করিয়া পুতিয়া রাখিবে।

৪। ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের অন্যকে মন্ত্র পড়াইবার অধিকার নাই।

৫। মহাব্যাধি, অর্শঃ, কুষ্ঠ, গ্রহণী, প্রমেহ, মূত্রকৃচ্ছ্র, যক্ষ্মাকাশ, ক্ষয়কাশ, অশ্মরী অর্থাৎ পাথরী, অতিসার, ভগন্দর, দুষ্টব্রণ অর্থাৎ ওষ্ঠব্রণ পৃষ্ঠব্রণ প্রভৃতি ব্রণ, গণ্ডমালা, পক্ষাঘাত ও অক্ষিনাশ এই সকল রোগগ্রস্ত ব্যক্তি প্রায়শ্চিত্ত না করিয়া যদি প্রাণত্যাগ করে, বে পুত্রাদি অগ্নিদাতা উক্ত রোগের প্রায়শ্চিত্ত করিয়া তাহার শব দাহ করিবেক।

৬। সূতিকা(১) ও রজস্বলা স্ত্রীর মৃত্যু তাহার শবকে তিলযুক্ত পঞ্চগব্য(২) দ্বারা স্নান ইয়া পরে যথাবিধি স্নানাদি করাইবেক। পঞ্চগ স্নানকরাইবার মন্ত্র পরে লেখা যাইবে।

৭। গর্ব্ভবতী স্ত্রীর মৃত্যু হইলে তাহার গর্ভ নি করিয়া মৃত্তিকা মধ্যে পুতিয়া রাখিবেক। উক্ত স্ত্রীলোকের শবকে যথাবিধি স্নানাদি ক দাহ করিবেক।

৮। সধবা স্ত্রী অগ্নিদানাধিকারিণী হইলে, তিল ব্যবহার করিবেন না। কুশের পরিবর্ত্তে তিলের পরিবর্ত্তে যব ব্যবহার করিবেন।

৯। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য জাতির অনুপনী বালক, সকল জাতির স্ত্রীলোক, এবং শূদ্রগণ এই মন্ত্র, আর * এই রূপ পদ্মচিহ্নিত মন্ত্র পাঠ বেন না। "ওঁ" ইহার পরিবর্ত্তে "নমঃ," ব আর * এইরূপ পদ্মচিহ্নিত মন্ত্রের প

---

(১) সন্তান প্রসবের পর যাহার অশৌচ যায় নাই।

(২) গোময়, গোমূত্র, গোদুগ্ধজাতদধি, গবাঘৃত ও এই পাঁচটী দ্রব্য একত্রিত হইলে পঞ্চগব্য হয়।

(৩) যাহার উপনয়ন হয় নাই তাহাকে অনুপনী যাহার উপনয়ন হইয়াছে তাহাকে উপনীত বলে।

মানমঃ” বলিতে থাকিবেন, অন্য কোন ব্রাহ্মণ দের প্রতিনিধি হইয়া ঐ মন্ত্রটী পাঠ করিবেন।

১০। অন্ন পাক কবিয়া পিণ্ডদান কবা শূদ্রজাতিব ক্ষে নিষিদ্ধ। অতএব তাঁহারা আতপতণ্ডুলের পিণ্ড ন কবিবেন।

১১। দিবাভাগে দাহ শেষ হইলে রাত্রিতে এবং াত্রিতে দাহ শেষ হইলে দিবাভাগে গ্রাম বা নগবে বেশ কবিবেক। এরূপ কাল প্রতীক্ষায় অসমর্থ ইলে ব্রাহ্মণেব অনুমতি লইয়া গ্রামাদিতে প্রবেশ করিতে পারিবেক।

সূতিকা ও রজস্বলার শবকে পঞ্চগব্য দ্বারা ান করাইবার মন্ত্র। যথা,—

১। ওঁ আপোহিষ্ঠা মযোভূব স্তান উর্জ্জে দধাতনঃ মহেবণায় চক্ষষে *।

২। ওঁ যোবঃ শিবতমোবস স্তস্য ভা জয়তেহন উযতীরিব মাতরঃ *।

৩। ওঁ তস্মা অরঙ্গ মাম বো যস্য ক্ষয়ায় জিন্নথ আপোজনযথাচনঃ *।

৪। ওঁ কয়ানশ্চিত্র ইত্যস্য মহাবাম দেব্য ঋষি র্বিবাড্ গাযত্রী ছন্দ ইন্দ্রোদেবতা শান্তি কর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতি সদাবৃধঃ সখাকয়া সচীষ্টয়াবৃতা ওঁ কস্মা

সত্যোমদানাং মংহিষ্ঠো মৎসদন্ধনঃ দৃ
রুজেবসু ওঁঅভীষুণঃ সখীনা মবিত
তৃণাং শতম্ভবা স্যুতয়ে *।

৫। ওঁ স্বস্তিন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তিনঃ পূ
বেদাঃ স্বস্তি ন স্তার্ক্ষ্যো রিষ্টনেমিঃ
বৃহস্পতি র্দধাতু *।

---

কোন ব্যক্তির মৃত্যুর পর তাহার পুত্রাদি
দাতা স্নান করিয়া নূতন বস্ত্র পরিধান ও
ধারণ পূর্ব্বক অন্নপাক করিবেক। পরে শবকে
মন্ত্রে স্নান করাইয়া নূতন বস্ত্রদ্বারা শবের স
আচ্ছাদিত করিয়া শ্মশান ভূমিতে কুশের উপর
শিরা করিয়া স্থাপন করিবেক। তদনন্তর শব
মাখাইয়া ও স্বয়ং হস্ত প্রক্ষালনের পর দুই হস্তে
অনামিকাঙ্গুলিতে কুশের অঙ্গুরীয় ধারণ পূর্ব্বক
করিয়া দক্ষিণাভিমুখে

ওঁ গয়াদীনিচ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলো
কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্ বরাং।
কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপ প্রণাশিনীং।
ভদ্রাবকাশাং গণ্ডক্যাং সরযূং পনসাং তথা।
বৈনবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকং তথা।
পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাং স্তথা॥

এই মন্ত্র পাঠ করিয়া শবকে পুনরায় স্নান করাই-
। পরে নূতন বস্ত্র ও উত্তরীয় পরাইয়া, উপনীত
ণ, ক্ষত্রিয় ও বৈশ্যের শব হইলে যজ্ঞোপবীত
াইয়া, চন্দনাদি মাখাইয়া, দুই কর্ণ, দুই নাসিকাবন্ধ্র,
চক্ষু ও মুখ এই সপ্তছিদ্রে সাতখণ্ড স্বর্ণ. স্বর্ণের
ভাবে সাতখণ্ড কাংস্যাদি ধাতু নিঃক্ষেপ করিয়া
তাকাষ্ঠের উপর দক্ষিণ শিরা করিয়া স্থাপন করি-
ক। তাহার পর শ্মশান ভূমির এক অংশে গোময়
পন দ্বারা স্থান পবিত্র করিয়া লইয়া হস্তপ্রক্ষালন
র্ব্বক ভূমিতে কুশের উপর বসিয়া পুর্ব্ব মুখে দুই বার
াচমন করিবেক।

পরে দক্ষিণাভিমুখ হইয়া ভূমিতে বাম জানু
াতিয়া দক্ষিণস্কন্ধে উত্তরীয়, অগ্নিদাতা উপনীত
হইলে যজ্ঞোপবীতের সহিত উত্তরীর স্থাপন করিয়া
"ওঁ অপহতা সুরা রক্ষাংসি বেদিষদঃ" * (যজুর্ব্বেদীরা
ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ*) এইমন্ত্র পাঠ-
করিতে করিতে কুশমূলদ্বারা একটী চতুষ্কোণ মণ্ডল
অর্থাৎ নৈঋর্ত কোণ হইতে আরম্ভ করিয়া অগ্নি কোণ
পর্য্যন্ত, অগ্নি কোণ হইতে আরম্ভ করিয়া ঈশান কোণ
পর্য্যন্ত, ঈশান কোণ হইতে আরম্ভ করিয়া বায়ু কোণ
পর্য্যন্ত এবং বায়ু কোণ হইতে আরম্ভ করিয়া নৈঋর্ত

কোণ পর্য্যন্ত অবিচ্ছেদ রেখা টানিয়া একটী
কোণা ঘর করিবেক। তাহার উপর দক্ষিণাগ্র
কতক গুলি কুশপাতিয়া
"ওঁ এহি প্রেত সৌম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বি
দে হ্যস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চনঃ সর্ব্ববীরং নিঃ
এই মন্ত্রপাঠ করিয়া সেই কুশের উপর তিল ছ
দিবেক। পরে সেই কুশের উপর একটী তুল
দিয়া উত্তান(১) বাম হস্ত দ্বারা তাহা
সতিল জলপাত্রে দক্ষিণহস্ত স্থাপন করিয়া

ব্রাহ্মণ জাতির পুরুষ শব পক্ষে :

"ওঁ অদ্য অমুক গোত্র প্রেত অমুক দে
এতত্তে অবনে নিক্ষ্ব।"

ব্রাহ্মণ জাতির স্ত্রী শব পক্ষে :

"ওঁ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দেবি
অবনে নিক্ষ্ব।"

ক্ষত্রিয় জাতির পুরুষ শব পক্ষে :

"ওঁ অদ্য অমুক গোত্র প্রেত অমুক ব্র
এতত্তে অবনে নিক্ষ্ব।"

বৈশ্য জাতির পুরুষ শব পক্ষে ;

"ওঁ অদ্য অমুক গোত্র প্রেত অমুক দত্তভূতে এতত্তে
অবনে নিক্ষ্ব।"

---

(১) চিৎকরা।

ক্ষত্রিয় ও বৈশ্য জাতির স্ত্রী শব পক্ষে ;

"ওঁ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দেবি এতত্তে অবনে নিক্ষ্ব।"

শূদ্রজাতির পুরুষ শব পক্ষে ;

"নমঃ অদ্য অমুক গোত্র প্রেত অমুক দাস এতত্তে অবনে নিক্ষ্ব।"

শূদ্রজাতির স্ত্রী শব পক্ষে ;

"নমঃ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দাসি এতত্তে অবনে নিক্ষ্ব।"

এই মন্ত্র পাঠ করিয়া সেই কুশের উপর কিঞ্চিৎ জল দিবেক। পরে দক্ষিণ হস্তে সোপকরণ পিণ্ড গ্রহণ করিয়া তাহাতে তিল, তুলসীপত্র ও একটী মোটক(১) দিয়া, বাম হস্তে সতিল জলপাত্র গ্রহণ করিয়া

ব্রাহ্মণ জাতির পুরুষ শব পক্ষে ;

"ওঁ অদ্য অমুক গোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্ এতত্তে অন্ন মুপতিষ্ঠতাং।"

ব্রাহ্মণ জাতির স্ত্রী শব পক্ষে ;

"ওঁ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দেবি এতত্তে অন্ন মুপতিষ্ঠতাং।"

ক্ষত্রিয় জাতির পুরুষ শব পক্ষে ;

"ওঁ অদ্য অমুক গোত্র প্রেত অমুক ভ্রাতৃবর্ম্মন্ এতত্তে অন্ন মুপতিষ্ঠতাং।"

---

(১) মোচড়ান কুশ পত্রদ্বয়।

বৈশ্যজাতির পুরুষ শব পক্ষে ;

" ওঁ অদ্য অমুক গোত্র প্রেত অমুক এতত্তে অন্নমুপতিষ্ঠতাং । "

ক্ষত্রিয় ও বৈশ্য জাতির স্ত্রী শব পক্ষে ;

" ওঁ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি [illegible] এতত্তে অন্নমুপতিষ্ঠতাং । "

শূদ্রজাতির পুরুষ শব পক্ষে ;

" নমঃ অদ্য অমুক গোত্র প্রেত অমুক দাস এতত্তে অন্ন মুপতিষ্ঠতাং "

শূদ্রজাতির স্ত্রীশব পক্ষে ;

"নমঃ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দাসি এতত্তে অন্নমুপতিষ্ঠতাং । "

এই মন্ত্র পাঠ করিয়া বামহস্ত ধৃত জলপাত্রের জলের সহিত সেই পিণ্ড অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মূলস্থান দ্বারা সেই কুশের উপর দান করিবেক। পরে পিণ্ড পাত্র প্রক্ষালন জল উত্তানবামহস্ত দ্বারা ধারণ ও সতিল জল পাত্রে দক্ষিণ হস্ত স্থাপন করিয়া

ব্রাহ্মণজাতির পুরুষ শব পক্ষে ;

"ওঁ অদ্য অমুক গোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্ এতত্তে অবনে নিক্ষ্ব ।"

ব্রাহ্মণ জাতির স্ত্রীশব পক্ষে ;

" ওঁ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দেবি এতত্তে অবনেনিক্ষ্ব ।"

ক্ষত্রিয় জাতির পুরুষ শব পক্ষে ;

" অদ্য অমুক গোত্র প্রেত অমুক ভ্রাতৃবর্ম্মন্ অবনে নিক্ষ্ব।"

বৈশ্যজাতির পুরুষ শব পক্ষে ;

অদ্য অমুক গোত্র প্রেত অমুক দত্তভূতে এতত্তে নিক্ষ্ব।"

ক্ষত্রিয ও বৈশ্য জাতির স্ত্রীশব পক্ষে ;

" অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দেবি অবনে নিক্ষ্ব।"

শূদ্র জাতির পুরুষ শব পক্ষে ;

মঃ অদ্য অমুক গোত্র প্রেত অমুক দাস ত্তে অবনে নিক্ষ্ব।"

শূদ্র জাতির স্ত্রীশব পক্ষে ;

মঃ অদ্য অমুক গোত্রে প্রেতে অমুকি দাসি অবনে নিক্ষ্ব।"

মন্ত্র পাঠ করিয়া দক্ষিণ হস্ত দ্বারা সতিল হইতে কিঞ্চিৎ জল লইয়া বাম হস্ত ধৃত জলে াই জল পিণ্ডের উপর দান করিবেক। পরে কালন করিয়া

বাশ্চাগ্নি মুখাঃ সর্ব্বে হুতাশনং গৃহীত্বা এবং দহন্তু"
মন্ত্র পাঠ ও প্রজ্বলিত অগ্নি গ্রহণ করিয়া ক্ষিণ মুখে দাঁড়াইয়া—

ওঁ কৃত্বাতু দুষ্করং কর্ম্ম জানতা বাপ্য জানতা।
মৃত্যুকাল বশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতং।
ধর্ম্মাধর্ম্ম সমাযুক্তং লোভ মোহ সমাবৃতং।
দহেয়ং সর্ব্ব গাত্রাণি দিব্যান্ লোকান

এইমন্ত্র পাঠ ও চিতাস্থ শবকে তিনবা
করিয়া শবের মস্তক স্থানে সেই অগ্নি দা

পরে দাহ প্রায় শেষ হইয়াছে এমন
সাতখানা প্রাদেশ প্রমাণ(৫) কাষ্ঠিকা
কুচা হস্তে লইয়া চিতাগ্নি সাতবার প্র
করিতে প্রত্যেকবারে এক এক খা
গ্নিতে ফেলিয়া দিবেক।

দাহ শেষ হইলে, লৌকিক ব্যব
প্রক্ষেপ দ্বারা চিতাগ্নি নির্ব্বাণ কা
একটী জলপূর্ণ কলসী ও সেই কলসীর মু
শরা ও সেই শবার উপর সাতকড়া কড়ি রাখিয়া, অগ্নিদাতা "ওঁ ক্রব্যাদায় নমস্তুভ্যং।" এইমন্ত্র পাঠ করিয়া কুঠার দ্বারা অবশিষ্ট দগ্ধ কাষ্ঠে সাতবার প্রহার করিলে, সকলে চিতাব প্রতি আর দৃষ্টিপাত না করিয়া স্নান করিবার নিমিত্ত নদী প্রভৃতি জলা-শয়ে গমন করিবেক। জলের নিকট উপস্থিত

হইয়া অগ্নিদাতা আপনার কোন আত্মীয় কুটম্বকে "ওঁ উদকং করিষ্যামঃ।" এইবাক্য বলিবেন। সেই আত্মীয় কুটম্ব "ওঁ কুরুধ্বং মাচৈবং পুন রিত্যশত বর্ষে ... া মেবেতবস্মিন্।" এইরূপ উত্তর দান ...লে বয়োজ্যেষ্ঠানু ক্রমে জলে নামিয়া প্রক্ষালন ও পুনর্ব্বায় পরিধান করিয়া া, ক্ষত্রিয় ও বৈশ্য হইলে দক্ষিণ স্কন্ধে ...াপন করিয়া দক্ষিণাভিমুখে "ওঁ দঘং" এইমন্ত্র পাঠ করিয়া বাম- াঙ্গুলি দ্বারা জল নাড়িয়া একবার ঠিয়া আচমন পূর্ব্বক দক্ষিণাভি- ...ক। এই তর্পণে উত্তরীয় বস্ত্রের ...র্পণ যথা,—

**...ণ জাতির পুরুষ শব পক্ষে ;**

ও অমুক গোত্রং প্রেতং অমুক দেবশর্ম্মাণং সতিলো- দকেন তর্পয়ামি।"

**ব্রাহ্মণ জাতির স্ত্রী শব পক্ষে ;**

"ওঁ অমুক গোত্রাং প্রেতাং অমুকিদেবীং সতিলো- দকেন তর্পয়ামি।"

**ক্ষত্রিয় জাতির পুরুষ শব পক্ষে ;**

"ওঁ অমুক গোত্রং প্রেতং অমুক ভ্রাতৃ বর্ম্মাণং সতিলোদকেন তর্পয়ামি।"

বৈশ্য জাতির পুরুষ শব পক্ষে ;

"ওঁ অমুক গোত্রং প্রেতং অমুক দত্ত ভূতিং সতিলো দকেন তর্পয়ামি।"

ক্ষত্রিয় ও বৈশ্য জাতির স্ত্রী শব পক্ষে ;

"ও অমুক গোত্রাং প্রেতাং অমুকি দেবীং সতিলো দকেন তর্পয়ামি।"

শূদ্র জাতির পুরুষ শব পক্ষে ;

"নমঃ অমুক গোত্র প্রেত অমুক দাস এতৎ তিলোদকং তৃপ্যস্ব।"

শূদ্র জাতির স্ত্রী শব পক্ষে ;

"নমঃ অমুক গোত্রে প্রেতে অমুকি দাসি এতৎ তিলোদকং তৃপ্যস্ব।

যজুর্ব্বেদী ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য জাতির পুরুষ শব পক্ষে, যথাক্রমে ;

"ওঁ অমুক গোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্ অমুক ত্রাতৃ বর্ম্মন্ অমুক দত্তভূতে এতত্তে তিলোদকং তৃপ্যস্ব।"

যজুর্ব্বেদী ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য জাতির স্ত্রী শব পক্ষে ;

"ওঁ অমুক গোত্রে প্রেতে অমুকি দেবি এতৎ তিলোদকং তৃপ্যস্ব।"

এই মন্ত্র প্রত্যেক বারে পাঠ করিয়া তিনবারে তিলো

সহিত তিনঅঞ্জলি জল দিবেক। তাহার পর পুনর্ব্বার স্নান করিয়া বয়ঃ কনিষ্ঠ অনুসারে জল হইতে উঠিয়া, গাত্র মার্জ্জন ও বস্ত্র পরিধান করিয়া, গৃহে প্রত্যাগমন কালে লৌকিক ব্যবহার অনুসারে হরিধ্বনি করিতে করিতে গৃহদ্বারে আসিয়া দন্তদ্বারা নিম্বপত্র খণ্ডন করিয়া "শমী পাপং শময়তু" এই বলিয়া শমী শাখা স্পর্শ ও "অশ্মেব স্থিরো ভুয়াসং" এই বলিয়া পদদ্বারা প্রস্তর খণ্ড স্পর্শ করিবেক। পরে "অগ্নির্নঃ শর্ম্ম যচ্ছতু" এই বলিয়া অগ্নি স্পর্শ করিয়া বৃষভ ও ছাগের মধ্যে থাকিয়া "হ্যোক্*" এই বলিয়া ঐ দুই পশুকে স্পর্শ করিবেক। পরিশেষে গোময়, জল ও শ্বেত সর্ষপ স্পর্শ করিয়া বয়ঃকনিষ্ঠ অনুসারে গৃহে প্রবেশ করিবেক।

---

### গঙ্গাতে শবাস্থি প্রক্ষেপ।

উল্লিখিত কার্য্যটী কাম্য, ইহার অকরণে প্রত্যবায় নাই, কিন্তু মৃত ব্যক্তির স্বর্গার্থে সৎপুত্রাদির করাই উচিত। এই কার্য্য শবদাহের ঠিক পরেও হইতেপারে, অন্য দিবসেও হইতে পারে, এবং অগ্নিদাতা অসমর্থ হইলে স্বজাতীয় অপর ব্যক্তিও ইহা করিতে পারেন। যদি শবদাহের পরেই ইহা কর্ত্তব্য হয়, তবে অগ্নিদাতা প্রেত তর্পণের পরে এই কার্য্য করিবেন। আর যদি স্বজাতীয় অপর ব্যক্তিকে

অন্য কোন দিবসে অস্থি প্রক্ষেপ করিতে হয়, তাহা হইলে তিনি আপনার নিত্য কর্ম্ম করিয়া ইহাতে প্রবৃত্ত হইবেন। উক্ত কার্য্যের অনুষ্ঠান যথা ;

উত্তরীয় ধারণ করিয়া, ভূমিতে কুশের উপর উত্তরাভিমুখে বসিয়া, দুই হস্তের দুই অনামিকাঙ্গুলিতে কুশের অঙ্গুরীয় ধারণ ও দুইবার আচমন করিয়া, কুশত্রিপত্রের সহিত তিল, ফল ও জল দুই-হস্তে লইয়া দুই জানু ভূমিতে পাতিয়া

ব্রাহ্মণ জাতীয় শবাস্থি ক্ষেপ পক্ষে ;

কর্ত্তা উপনীত হইলে ওঁ তৎসদদ্য (অনুপনীত বা স্ত্রীলোক হইলে, নমোদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুকগোত্রঃ (স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা) শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীলোক হইলে, শ্রী অমুকী দেবী) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ (স্ত্রীলোকের অস্থি পক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ) এতদস্থি সমসংখ্যাক বর্ষসহস্রাবচ্ছিন্ন স্বর্গাধিকরণক মহীয় মানত্ব কামঃ (স্ত্রীলোক হইলে, কামা) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ (স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ) এতানি অস্থি খণ্ডানি গঙ্গায়াং মহং প্রক্ষিপামি।

**ক্ষত্রিয় জাতীয় শবাস্থি ক্ষেপ পক্ষে ;**

কর্ত্তা উপনীত হইলে ওঁ তৎসদদ্য (অনুপনীত বা স্ত্রীলোক হইলে, নমোদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ (স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা) শ্রীঅমুক ত্রাতৃবর্ম্মা, (স্ত্রীলোক হইলে, শ্রীঅমুকী দেবী) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক ত্রাতৃবর্ম্মণঃ (স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ) এতদস্থি সম সংখ্যক বর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধি করণক মহীয় মানত্ব কামঃ (স্ত্রীলোক হইলে, কামা) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক ত্রাতৃ বর্ম্মণঃ (স্ত্রীলোকের অস্থি পক্ষে অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ) এতানি অস্থি খণ্ডানি গঙ্গায়া মহং প্রক্ষিপামি।

**বৈশ্য জাতীয় শবাস্থি ক্ষেপ পক্ষে ;**

কর্ত্তা উপনীত হইলে ওঁ তৎসদদ্য (অনুপনীত বা স্ত্রীলোক হইলে, নমোদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ (স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা) শ্রী অমুক দত্তভূতিঃ (স্ত্রীলোক হইলে, শ্রীঅমুকী দেবী) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দত্তভূতেঃ (স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ) এতদস্থি সম সংখ্যক বর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধি করণক মহীয় মানত্ব কামঃ

স্ত্রীলোক হইলে, কামা) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দত্তভুতেঃ (স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ) এতানি অস্থি খণ্ডানি গঙ্গায়া মহং পক্ষিপামি।

শূদ্রজাতীয় শবাস্থি ক্ষেপ পক্ষে ;

নমোদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ (স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা শ্রীঅমুকদাসঃ (স্ত্রীলোক হইলে, শ্রী অমুকী দাসী) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দাসস্য (স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দাস্যাঃ) এতদস্থি সম সংখ্যক বর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধি করণক মহীয় মানত্ব কামঃ (স্ত্রীলোক হইলে, কামা) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দাসস্য (স্ত্রীলোকেব অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দাস্যাঃ) এতানি অস্থি খণ্ডানি গঙ্গায়া মহং প্রক্ষিপামি।

এইরূপ বাক্যে সঙ্কল্প করিয়া, সেই কুশত্রিপত্র, তিল, ফল ও জল ঈশান কোণে ফেলিয়া দিবেক। পরে দক্ষিণ স্কন্ধে উত্তরীয়, কর্ত্তা উপনীত হইলে, যজ্ঞোপবীতের সহিত উত্তরীয় স্থাপন করিয়া স্বর্ণকারদিগের সোণা গলাইবার মুচির মত একটী মৃত্তিকার ঠুসি প্রস্তুত করিয়া, তাহার মধ্যে শবের

অস্থি খণ্ড সকল রাখিয়া, তাহাতে কিঞ্চিৎ পঞ্চগব্য একখণ্ড স্বর্ণ, কিঞ্চিৎ মধু, কিঞ্চিৎ গব্য ঘৃত ও গোটা-কতক তিল দিয়া, সেই ঠুসির মুখ মৃত্তিকা দ্বারা বদ্ধ করিয়া, তাহাকে পিণ্ডের মত গোলাকার করিবেক। তাহার পর, তাহা দক্ষিণ হস্তে গ্রহণ ও দক্ষিন দিকে দৃষ্টিপাত করিয়া "ওঁ নমোস্তু ধর্ম্মরাজায়" এই মন্ত্র বলিয়া জলে নামিবেক। পরিশেষে "সমে প্রীতো ভবতু" ইহা বলিয়া দক্ষিণ দিকে জলে ফেলিয়া দিবেক। পরে পুনর্ব্বার স্নান করিয়া জল হইতে উঠিয়া গাত্র মার্জ্জন ও বস্ত্রাদি পরিধান করিয়া, পূর্ব্বমুখে বসিয়া দক্ষিণা দান করিবেক। দক্ষিণা দান বাক্য যথা,

ব্রাহ্মণ জাতীয় শবাস্থি ক্ষেপ পক্ষে ;

কর্ত্তা উপনীত হইলে ওঁ তৎসদদ্য (অনুপনীত বা স্ত্রীলোক হইলে, নমোদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ (স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা) শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীলোক হইলে, শ্রীঅমুকী দেবী) অমুকগোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ (স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ) এতদস্থি সম সংখ্যক বর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধি করণক মহীয় মানত্ব কাম-নয়া অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ (স্ত্রীলো-

কের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ ) কৃতৈতদ্ গঙ্গাস্থি ক্ষেপ কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং ( কাঞ্চন অর্থাৎ স্বর্ণের অভাব হইলে কাঞ্চন মূল্য রজতং, রজত অর্থাৎ রূপার অভাব হইলে কাঞ্চন মূল্য তাম্রখণ্ডং ( ৬ ) ) শ্রীবিষ্ণু দৈবতং যথা সম্ভব গোত্র নাম্নে ব্রাহ্মণায় অহং দদানি ।

ক্ষত্রিয় জাতীয় শবাস্থি ক্ষেপ পক্ষে ;

কর্ত্তা উপনীত হইলে ওঁ তৎসদদ্য ( অনুপনীত বা স্ত্রীলোক হইলে, নমোদ্য ) অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ ( স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা ) শ্রীঅমুক ভ্রাতৃবর্ম্মা ( স্ত্রীলোক হইলে, শ্রীঅমুকী দেবী ) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক ভ্রাতৃ বর্ম্মণঃ (স্ত্রীলোকের অস্থি পক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ ) এতদস্থি সম সংখ্যক বর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধিকরণক মহীয়মানত্ব কামনয়া অমুক গোত্রস্য প্রেতস্য অমুক ভ্রাতৃবর্ম্মণঃ ( স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ ) কৃতৈতদ্ গঙ্গাস্থি ক্ষেপ কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং ( কাঞ্চন অর্থাৎ স্বর্ণের অভাব হইলে, কাঞ্চন মূল্য রজতং রজত অর্থাৎ রূপার

অভাব হইলে, কাঞ্চনমূল্য তাম্রখণ্ডং ) শ্রীবিষ্ণু দৈবতং যথা সম্ভব গোত্র নাম্নে ব্রাহ্মণায় অহং দদানি।

বৈশ্যজাতীয় শবাস্থিক্ষেপ পক্ষে ;

কর্ত্তা উপনীত হইলে ওঁ তৎসদদ্য ( অনুপনীত বা স্ত্রীলোক হইলে, নমোদ্য ) অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ ( স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা ) শ্রী অমুক দত্তভূস্তিঃ ( স্ত্রীলোক হইলে, শ্রীঅমুকী দেবী ) অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দত্তভূতেঃ ( স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ ) এতদস্থি সম সংখ্যক বর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধিকরণক মহীয় মানত্ব কাম-ময়া অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দত্তভূতেঃ ( স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দেব্যাঃ ) কৃতৈতদ্ গঙ্গাস্থি ক্ষেপ কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং ( কাঞ্চন অর্থাৎ স্বর্ণের অভাব হইলে, কাঞ্চন মূল্য রজতং, রজত অর্থাৎ রূপাব অভাব হইলে, কাঞ্চন মূল্য তাম্রখণ্ডং ) শ্রীবিষ্ণু দৈবতং যথা সম্ভব গোত্র নাম্নে ব্রাহ্মণায় অহং দদানি।

শূদ্রজাতীয় শবাস্থিক্ষেপ পক্ষে ;

নমোদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ ( স্ত্রীলোক হইলে, অমুক গোত্রা ) শ্রীঅমুক দাসঃ ( স্ত্রীলোক হইলে, শ্রী অমুকী দাসী )

অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দাসস্য (স্ত্রীলোকের অস্থিপক্ষে, অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকি দাস্যাঃ) এতদস্থি সম সংখ্যক বর্ষ সহস্রাবচ্ছিন্ন স্বর্গাধিকরণক মহীয়মানত্ব কামনযা অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দাসস্য (স্ত্রীলোকের অস্থি পক্ষে, অমুক গোত্রাযাঃ প্রেতাযাঃ অমুকি দাস্যাঃ) কৃতৈতদ্ গঙ্গাস্থিক্ষেপ কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণা মিদং কাঞ্চনং (কাঞ্চন অর্থাৎ স্বর্ণের অভাব হইলে, কাঞ্চন মূল্য রজতং, রজত অর্থাৎ রূপার অভাব হইলে, কাঞ্চন মূল্য তাম্রখণ্ডং) শ্রীবিষ্ণু দৈবতং যথা সম্ভব গোত্র নাম্নে ব্রাহ্মণায অহং দদানি।

এইরূপ দক্ষিণা দান বাক্য পাঠ করিয়া দক্ষিণার উপর কিঞ্চিৎ জল দিয়া কোন ব্রাহ্মণকে দান করিয়া গৃহে গমন করিবেক।

সমাপ্তা।